দৈনিক ইত্তেফাক

13 APR 2016
৭ ৬

# স্কুলের দেয়াল নির্মাণে বাধা শিক্ষা কর্মকর্তা অবরুদ্ধ

■ সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

সোনারগাঁয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দেয়াল নির্মাণ করতে গিয়ে স্থানীয় প্রভাবশালী দখলদারদের বাধার মুখে ফিরে এলো প্রশাসন ও স্কুল কমিটি। দখলদাররা শিক্ষা কর্মকর্তাকে অবরুদ্ধ করলে পুলিশ এসে উদ্ধার করে। গতকাল মঙ্গলবার সাতভাইপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

সাতভাইপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পেছনের দেয়াল ঘেঁষে স্থানীয় প্রভাবশালী মজিবুর রহমান ও হাবিবুর রহমান ১২টি দোকান নির্মাণ করেন। গত রোববার সড়ক ও জনপথ অধিদপ্তর ভ্রাম্যমাণ আদালতের সহায়তায় দোকানগুলো উচ্ছেদ অভিযান চালায়। গতকাল ওই স্কুল কমিটি উচ্ছেদকৃত জায়গায় দেয়াল নির্মাণ করতে গেলে দখলদার বাধা দেন। একপর্যায়ে সোনারগাঁ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আ ফ ম জাহিদ ইকবালকে অবরুদ্ধ করে রাখা হয়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে শিক্ষা কর্মকর্তাকে উদ্ধার করে।